গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মিঠাপুকুর, রংপুর

মিঠাপুকুর উপজেলা ব্লক গ্রান্ট কো-অর্ডিনেশন (বিজিসিসি) কমিটির ২য় সভার কার্যবিবরণী:

**সভাপতি**: জনাব মোঃ মামুন ভুঁইয়া
উপজেলা নির্বাহী অফিসার
মিঠাপুকুর, রংপুর।

**সভার স্থান**: উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, মিঠাপুকুর, রংপুর।

**সভার তারিখ**: ২৮/০১/২০২১ খ্রিঃ।
**সভার সময়**: বেলা ১২:০০ অপরাহ্ন।
সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো।

সভাপতি সভায় উপস্থিত সম্মানিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোনো সংযোজন ও বিয়োজন না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর মিঠাপুকুর উপজেলার ইউনিয়ন পরিষদসমূহ হতে ২০২০-২০২১ অর্থ বছরের এলজিএসপি খাতে বরাদ্দের অর্থে গৃহীত স্কিমসমূহ সভায় তুলে ধরা হয়। ইউনিয়ন পরিষদসমূহ হতে প্রাপ্ত স্কিমের উপর বিস্তারিত আলোচনা ও যাচাই-বাছাই হয়। কমিটি সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত ইউপি ভিত্তিক স্কিমসমূহ বাস্তবায়নের জন্য অগ্রায়নের সিদ্ধান্ত গ্রহণ করে।

## ৬. চ্যাংমারী :

ইউপি চেয়ারম্যান-জনাব , মোবাইলঃ । ইউপি সচিব-জনাব মোঃ আবু তাহের, মোবাইলঃ ০১৭২০৩৩৪১৭৮ ।

| ক্রমিক নং | স্কিমের নাম ও অবস্থান | বরাদ্দের অর্থবছর | ওয়ার্ড নং | বরাদ্দের ধরণ | স্কিমের সেক্টর | স্কিমের সাব-সেক্টর | প্রাক্কলিত ব্যয় | ক্রয় প্রক্রিয়ার ধরণ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | মাহিয়ারপুর বড় পূর্ব পাড়া রাস্তার ধারে মোঃ সানিক মিয়ার | ২০২০-২০২১ | ৭ | এলজিএসপি, বিবিজি | প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা | সুরক্ষা বাঁধ/গাইড ওয়াল নির্মাণ | ৳৩৮১,৭৫২.০০ | আরএফকিউ |

| ক্রমিক নং | স্কিমের নাম ও অবস্থান | বরাদ্দের অর্থবছর | ওয়ার্ড নং | বরাদ্দের ধরণ | স্কিমের সেক্টর | স্কিমের সাব-সেক্টর | প্রাক্কলিত ব্যয় | ক্রয় প্রক্রিয়ার ধরণ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | পুকুরে গাইড ওয়াল নির্মান | | | | | | | |
| ২ | আকবপুর নয় আনা পাড়ার রাস্তার ধারে মজিবুর রহমানের পুকুরে গাইড ওয়াল নির্মান | ২০২০-২০২১ | ৮ | এলজিএসপি, বিবিজি | প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা | সুরক্ষা বাঁধ/গাইড ওয়াল নির্মাণ | ৳৩০০,০০০.০০ | আরএফকিউ |
| অগ্রায়নকৃত সংশোধিত স্কিম | | | | | | | | |
| ১ | মোসলেম বাজারের গলিতে রাস্তা এইচবিবি করন | ২০২০-২০২১ | ৪ | এলজিএসপি, বিবিজি | কৃষি এবং বাজার | বাজার উন্নয়ন | ৳১৩৮,৮৫২.০০ | আরএফকিউ |
| ২ | ফকিরহাট বাজারের গলির রাস্তা এইচবিবি করন | ২০২০-২০২১ | ১ | এলজিএসপি, বিবিজি | কৃষি এবং বাজার | বাজার উন্নয়ন | ৳১৩৮,০০০.০০ | আরএফকিউ |
| ৩ | পাগলার হাট বাজারের গলির এইচ বিবি করন | ২০২০-২০২১ | ৮ | এলজিএসপি, বিবিজি | কৃষি এবং বাজার | বাজার উন্নয়ন | ৳১৩৮,০০০.০০ | আরএফকিউ |
| ৪ | ফকিরহাট পাবলিক উচ্চ বিদ্যালয়ের শ্রেী কক্ষ | ২০২০-২০২১ | ১ | এলজিএসপি, বিবিজি | শিক্ষা | শিক্ষা প্রতিষ্ঠান সংস্কার/নির্মাণ | ৳৩০০,০০০.০০ | আরএফকিউ |

| ক্রমিক নং | স্কিমের নাম ও অবস্থান | বরাদ্দের অর্থবছর | ওয়ার্ড নং | বরাদ্দের ধরণ | স্কিমের সেক্টর | স্কিমের সাব-সেক্টর | প্রাক্কলিত ব্যয় | ক্রয় প্রক্রিয়ার ধরণ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | নির্মান | | | | | | | |
| **উপ-মোট** | | | | | | | **৳১,৩৯৬,৬০৪.০০** | |

সভার সভাপতি এলজিএসপি খাতে বরাদ্দকৃত ২০২০-২০২১ অর্থ বছরের অর্থ দ্বারা গৃহীত স্কিমের কাজ প্রাক্কলন মোতাবেক সঠিকভাবে সম্পন্ন করার পরামর্শ প্রদান করেন। তিনি সংশ্লিষ্ট সকলকে স্কিমের কার্যক্রম নিয়মিত তদারকি করার পরামর্শ প্রদান করেন। এছাড়া স্কিমের দ্বৈততা যাতে না ঘটে সে বিষয়ে প্রকল্প বাস্তবায়নকারী সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার আহবান জানান।

## সিদ্ধান্তসমূহ:

1. সংশ্লিষ্ট ইউনিয়নে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত ও দায়িত্বপ্রাপ্ত উপ-সহকারী প্রকৌশলী কর্তৃক প্রাক্কলন প্রস্তত ও তা ইউপি চেয়ারম্যান কর্তৃক অনুমোদন ব্যতীত কাজ শুরু করা যাবেনা।
2. গৃহীত স্কিমসমূহ ওয়ার্ড কমিটি কর্তৃক বাস্তবায়ন সহযোগিতা এবং তদারকি কমিটির মাধ্যমে নিয়মিত তদারকি করার সিদ্ধান্ত গৃহীত হয়।
3. স্কিমের কাজ শুরু করার আগেই সাইনবোর্ড স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।এক্ষেত্রে টিনের সাইনবোর্ড না দিয়ে ইটের গাথুঁনির মধ্যে পাথরে খোদাই করা সাইনবোর্ড দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।
4. ওয়ার্ড সভার মাধ্যমে গৃহীত স্কিমের কার্যবিবরণী ও ইউনিয়ন পরিষদের সভায় আলোচনা করে অগ্রাধিকার তালিকা তৈরীর সিদ্ধান্তের কার্যবিবরণীসহ ছবি নথিতে সংরক্ষণ করতে হবে।
5. কোন স্কিম গ্রহণের পূর্বে সে স্থানের ছবি, কাজ চলমান অবস্থার ছবি এবং স্কিম শেষের ছবি অর্থাৎ তিন স্তরের কমপক্ষে ০৩টি ছবি নিতে হবে এবং এমআইএস এ সময়মত আপলোড করতে হবে। প্রতিটি স্কিমের ছবি নথিতে সংরক্ষণ করাসহ প্রত্যয়ন নেয়ার সময় আবেদনের সাথে তা দাখিল করতে হবে।
6. স্কিমের সম্পূর্ণ কাজ বাস্তবায়ন না করে কোন স্কিমের টাকা উত্তোলন করা যাবেনা।
7. স্কিমের কাজ শেষ হওয়ার পর সুপারভিশন কমিটিসহ এলজিএসপি-৩ এর বিধি মোতাবেক টাকা উত্তোলন করতে হবে।
8. ডিএফ অথবা উপ-পরিচালক, স্থানীয় সরকার, রংপুর এর প্রত্যয়ন ছাড়া ব্যাংক থেকে টাকা উত্তোলন করা যাবেনা।
9. অগ্রিম কোন টাকা উত্তোলন করা যাবেনা।
10. সকল স্কিমের ভ্যাট ও আয়কর যথানিয়মে কর্তন করতে হবে এবং সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে।
11. পিপিআর-২০০৮ এবং এলজিএসপি-৩ এর আর্থিক বিধিবিধান অনুসরণ কর ইউনিয়ন পরিষদকে স্কিম বাস্তবায়ন করতে হবে।

12. বিজিসিসি'র অগ্রায়নকৃত স্কিম ব্যতীত কোন স্কিম সংযোজন,বিয়োজন বা নতুন স্কিম গ্রহণ করা যাবেনা।
13. বিল প্রদানের ক্ষেত্রে ঠিকাদারকে বিধি মোতাবেক ক্রস চেক প্রদান করতে হবে।
14. ব্যাংকের ম্যানেজার স্কিমের প্রয়োজনীয় তথ্যাদি যাচাই-বাছাই সাপেক্ষে টাকা প্রদান করবেন।
15. বিগত অর্থ বছরসমূহের হিসাব নিরীক্ষার পর্যবেক্ষণসমূহ অনুসরণ করতে হবে।

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মামুন ভুঁইয়া)
উপজেলা নির্বাহী অফিসার
মিঠাপুকুর, রংপুর।
মোবাইল: ০১৭৬১৪৯১৩২৬

স্মারক নং: ০৫.৪৭.৮৫৫৮.০০১.০৭.১৩১.২০-১৭০
তারিখ: ২৮/০১/২০২১ খ্রিঃ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:**

1. মাননীয় জাতীয় সংসদ সদস্য, রংপুর-৫ ও সভাপতি, জনপ্রশাসন মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
2. প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), এলজিএসপি-৩, স্থানীয় সরকার বিভাগ, সিটি সেন্টার (লেভেল-১০), ৯০/১ মতিঝিল বা/এ, ঢাকা।
3. জেলা প্রশাসক, রংপুর।
4. উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর।
5. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মিঠাপুকুর, রংপুর।
6. ডিস্ট্রিক্ট ফ্যাসিলিটেটর (ডিএফ), এলজিএসপি-৩, রংপুর।
7. উপজেলা ........................................কর্মকর্তা, মিঠাপুকুর, রংপুর।
8. চেয়ারম্যান, ...................................ইউনিয়ন পরিষদ, মিঠাপুকুর, রংপুর।
9. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লি., ...................................শাখা, উপজেলা: ..................................., রংপুর।
10. জনাব ..............................................সদস্য, বিজিসিসি কমিটি, মিঠাপুকুর, রংপুর।
11. অফিস কপি।

(মোঃ আখতারুজ্জামান)
উপজেলা প্রকৌশলী
মিঠাপুকুর, রংপুর
মোবাইল: ০১৭১৬১১৫৪৯০

প্রতিবেদন প্রস্তুতের সময়: ২৯ জানুয়ারী ২০২৩ |০১:৪৮:৫৫ অপরাহ্ন